যায়যায়দিন

তারিখ ..... 3. MAR..2009
পৃষ্ঠা ...১৫ কলাম.... ৬....

# ইউকে শিক্ষামেলায় অংশ নিচ্ছে ৩৭ বৃটিশ শিক্ষা প্রতিষ্ঠান

যাযাদি রিপোর্ট

বৃটেনে উচ্চশিক্ষায় পথ নির্দেশনার লক্ষ্য নিয়ে ১১তম ইউকে শিক্ষামেলা শুরু হচ্ছে ৮ মার্চ থেকে। বৃটেনে নতুন ভিসা প্রক্রিয়া সম্পর্কে জানা এবং ৩৭টি বৃটিশ বিশ্ববিদ্যালয় এবং কলেজের প্রতিনিধির সঙ্গে এ মেলায় আগ্রহীরা সরাসরি যোগাযোগ করতে পারবেন। শিক্ষামেলা উদ্বোধন করবেন পররাষ্ট্রমন্ত্রী ডা. দীপু মনি।

রাজধানীর শেরাটন হোটেলের পলাশ কনফারেন্স রুমে গতকাল দুপুরে আয়োজিত সংবাদ সম্মেলনে আয়োজক বৃটিশ কাউন্সিল জানায়, ঢাকায় হোটেল শেরাটনের উইন্টার গার্ডেনে ৮ ও ৯ মার্চ এবং চট্টগ্রামের পেনিনসুলা হোটেলে ১১ মার্চ ইউকে শিক্ষামেলা অনুষ্ঠিত হবে। ঢাকায় শিক্ষামেলা উদ্বোধন করবেন পররাষ্ট্রমন্ত্রী ডা. দীপু মনি এবং চট্টগ্রামে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আবু ইউসুফ।

সংবাদ সম্মেলনে বৃটিশ কাউন্সিল বাংলাদেশের পরিচালক চার্লস নাটাল বলেন, ৩৭টি বৃটিশ বিশ্ববিদ্যালয় এবং কলেজের প্রতিনিধিরা এতে অংশগ্রহণ করবেন। বৃটেনে উচ্চশিক্ষা গ্রহণে ইচ্ছুক শিক্ষার্থী, তাদের অভিভাবক, বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত হিউম্যান রিসোর্সেস ম্যানেজার এবং ট্রেনিং ম্যানেজারদের বৃটিশ বিশ্ববিদ্যালয় এবং কলেজগুলোর প্রতিনিধিদের সঙ্গে সরাসরি কথা বলার সুযোগ সৃষ্টি করাই এ মেলার উদ্দেশ্য। বৃটিশ হাই কমিশনের হেড অফ ভিসা অ্যান্ড কনসুলার সার্ভিসেসের অপারেশন ম্যানেজার স্টুয়ার্ড পারসিভাল বলেন, মেলায় নতুন ভিসা নিয়ম সম্পর্কে অংশগ্রহণকারীরা বিস্তারিত জানতে পারবেন। সংবাদ সম্মেলনে আরো উপস্থিত ছিলেন বৃটিশ কাউন্সিলের ম্যানেজার রাইকা ওয়ালী খান।